

খোলা পাতা

দু একটি পাতা শুদ্ধ  
শীতের কমলালেবু বেড়াতে এসেছে  
কলকাতার বাজারে

তার মনে পড়ে  
ক্যামেলিয়া ফুলগুলি বলেছিল  
তুমি কেন চলে যাচ্ছ সমতলে  
পাহাড়িয়া কেউ গেলে তারা তো ফেরে না

এ সত্য কি অর্ধসত্য নয়!  
যারা যায়  
তাদের কয়েকজন ফিরে চলে আসে...  
আসে নাকি!  
অপেক্ষার জানালাগুলি  
কবিতার বই-এর মতন  
চিরকাল খোলা পড়ে থাকে...

মঞ্জু য দাশগুপ্ত

